# এস এস সি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ব্যবসায় উদ্যোগ

বিষয় কোড: | ১ | ৪ | ৩ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

### সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: মোট ১১টি প্রশ্ন থেকে ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১০। দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**১.▶** আশরাফ সদ্য এমবিএ পাস করা একজন তরুন। চাকরির পেছনে না ছুটে তিনি রাজশাহীতে সিল্ক শাড়ির পাইকারি ব্যবসায় শুরু করেন। তিনি মানসম্মত শাড়ি পাইকারি দামে ক্রয় করে সেগুলো দেশের অভ্যন্তরে পাইকারি দামে বিক্রয় করেন এবং বিদেশেও শাড়ি রপ্তানি করেন। যেহেতু রাজশাহী সিল্কের চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে তাই তিনি ব্যবসায় সম্প্রসারণের উদ্দেশ্যে ব্যাংক ঋণ নেওয়ার কথা ভাবছেন।

ক. ব্যবসায় কী? ১

খ. জেন্ডার সচেতনতা বলতে কী বোঝায়? ২

গ. রাজশাহীতে আশরাফের সিল্ক শাড়ি ব্যবসায়ে পরিবেশের কোন উৎপাদনটি প্রাধান্য পেয়েছে? ৩

ঘ. আশরাফের ব্যবসায় সম্প্রসারণে ব্যাংক কিভাবে ভূমিকা রাখতে পারে? বিশ্লেষণ করো। ৪

**২.▶** মি. জনসন বাংলাদেশে বিনিয়োগ করার উদ্দেশ্যে ঢাকায় এসেছেন। তিনি পর্যবেক্ষণ করে দেখলেন যে, বাংলাদেশের শিল্প প্রতিষ্ঠানগুলোতে ঘন ঘন বিদ্যুৎ বিভ্রাট ও অপর্যাপ্ত গ্যাস সরবরাহের কারণে উৎপাদন কাজ ব্যাহত হয়। এ ছাড়া হরতাল, ধর্মঘট ও শ্রমিক অসন্তোষের কারণে প্রায়ই শিল্প প্রতিষ্ঠান বন্ধ রাখতে হয়। এ সব প্রতিকূলতা পর্যবেক্ষণ করে তিনি এদেশে বিনিয়োগের আগ্রহ হারিয়ে ফেললেন।

ক. ভোক্তা আইন কোন পরিবেশের উপাদান? ১

খ. শিল্প বিপ্লব বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কোন উপাদানের অভাবে বাংলাদেশে শিল্প প্রতিষ্ঠানে উৎপাদন কাজ ব্যাহত হচ্ছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. জনসনের বাংলাদেশে বিনিয়োগের আগ্রহ হারানোর মূল কারণটি বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

৩.▶ জনাব রহমান একজন শিক্ষিত বেকার যুবক। তার এক বন্ধুর পরামর্শে তিনি যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ নিয়ে গরু মোটাতাজাকরণ ও হাঁস-মুরগি পালনের প্রকল্প হাতে নেন। এই প্রকল্প বাস্তবায়নের জন্য তিনি তার বন্ধুর কাছ থেকে কিছু টাকা ধার নেন এবং যুব উন্নয়ন অধিদপ্তর থেকে কিছু টাকা ঋণ নেন। অল্প কিছু দিনের মধ্যেই তিনি আর্থিক স্বচ্ছলতা লাভ করেন।

ক. আত্মকর্মসংস্থান কী? ১

খ. উদ্যোক্তাকে কর্মসংস্থান সৃষ্টিকারি বলা হয় কেন? ২

গ. জনাব রহমানের কাজটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'জনাব রাহমানের মতো সফল ব্যক্তিরাই দেশের অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করতে পারেন'— বিশ্লেষণ করো। ৪

৪.▶ মোহন তার পরিবারের বড় ছেলে। তার পিতার আকস্মিক মৃত্যুতে তার উপর তার পরিবারের পরিচালনার দায়িত্ব এসে পড়ে। তার পরিবারের অভাব-অনটন দূরীকরণে সে অল্প পুঁজি নিয়ে একটি মুদি ব্যবসায় শুরু করে। তার ব্যবসায় ছিল কম ঝুঁকিপূর্ণ অথচ অসীম দায় সম্পন্ন।

ক. রাষ্ট্রীয় ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী? ১

খ. একমালিকানা ও অংশীদারি ব্যবাসয়ে দুটি পার্থক্য উল্লেখ করো। ২

গ. মোহনের ব্যবসায়টি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'কম ঝুঁকিপূর্ণ ও অসীম দায়সম্পন্ন'— কথাটি উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৪

৫.▶ বিশ্ববিদ্যালয় শিক্ষক অধ্যাপক সাদমান সানি সমাজকর্মের উপর একটি গবেষণামূলক বই প্রকাশ করেন। বইটি বিভিন্ন মহলে প্রশংসিতও হয়। বাজারে বইটির বিক্রি আশানুরূপ না হওয়ায়, তিনি অনুসন্ধান করে জানতে পারেন যে, তার বইটির নকল কপি প্রকৃত দামের চেয়ে অনেক কম দামে বাজারে বিক্রি হচ্ছে।

ক. ট্রেড মার্ক কী? ১

খ. সম আয়-ব্যয় বিশ্লেষণ ব্যাখ্যা করো। ২

গ. অধ্যাপক সামির সৃষ্টি কর্মটি কিসের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. নকল প্রতিরোধে অধ্যাপক সামির কোন পদক্ষেপ নেওয়া উচিত ছিল? বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৬.▶ শরীফ নিজ এলাকায় একটি মুদি দোকান দিলেন। কিন্তু মুদি দোকানটি ক্রমাগত লোকসান হতে থাকলো। শরীফ চিন্তা করলেন মুদি দোকান এর ব্যবসায় বাদ দিয়ে ফাস্ট ফুডের দোকান দিবে। ব্যবসায় পরিবর্তন করতে গিয়ে তার প্রচুর লোকসান হলো। কারণ তিনি পূর্বের ব্যবসায়ের সম আয়-ব্যয় বিশ্লেষণ করেননি। আয়-ব্যয় বিবরণী ও তৈরি করেননি।

ক. পরিকল্পনা কী? ১

খ. আয়-ব্যয় বিবরণী বলতে কী বোঝায়? ২

গ. শরীফের ব্যবসায় ক্ষতির কারণ বিশ্লেষণ করো। ৩

ঘ. শরীফ অবশেষে বুঝতে পারলো 'পরিকল্পনাবিহীন ব্যবসায় মাঝিবিহীন নৌকার মতো'— মূল্যায়ন করো। ৪

৭.▶ সিফাত চৌধুরী শালিমার গ্রুপ অব কোম্পানির একজন উর্ধ্বতন কর্মকর্তা। প্রতিষ্ঠানের ব্যাপারে কোন সিদ্ধান্ত নেওয়ার পূর্বে তিনি তার অধ:স্তনদের সাথে আলোচনা করেন। কর্মীদের কাছ থেকে তথ্য সংগ্রহ করে তিনি তাদের জবাবদিহিতা নিশ্চিত করেন। এতে প্রতিষ্ঠানের সফলতা অব্যাহত থাকে।

ক. বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক কে? ১

খ. বণ্টন (পণ্য) প্রণালির ক্ষেত্রে ব্যবহৃত হয় এমন তিনটি চিত্র তুলে ধরো। ২

গ. সিফাত চৌধুরী তার প্রতিষ্ঠানে কোন ধরনের নেতৃত্ব দেন বর্ণনা করো। ৩

ঘ. প্রতিষ্ঠানে সিফাত চৌধুরীর নেতৃত্ব দেন, তা কতটা মঙ্গলজনক? মূল্যায়ন করো। ৪

৮.▶ জনাব সুমন তার পরিবারে সদস্যদের নিয়ে মাটি দিয়ে বিভিন্ন ধরনের শো-পিস, ফলদানি তৈরি করে এবং সেগুলো নিজের দোকানে রেখেই বিক্রি করেন। অন্যদিকে জনাব সুশীল ১১৫ জন শ্রমিক নিয়ে চামড়ার তৈরি জুতা, ব্যাগ ইত্যাদি তৈরি করেন এবং (তৈরিকৃত পণ্য) দেশের চাহিদা মিটিয়ে বিদেশেও রপ্তানি করেন।

ক. ক্রয়মূল্য ও বিক্রয় মূল্যের পার্থক্যকে কী বলে? ১

খ. বৃহৎশিল্প বলতে কী বোঝায়? ২

গ. জনাব সুমনের স্থাপিত শিল্পের বিবরণ দাও। ৩

ঘ. বাংলাদেশের মতো অর্থনীতির দেশে জনাব সুশীলের শিল্পের অবদান মূল্যায়ন করো। ৪

৯.▶ জনাব গফুর তার নিজ এলাকার রাস্তার পাশে 'সোনালী স্টোর' নামক একটি নতুন দোকান দিয়েছেন। কিন্তু দোকানে ক্রেতা সমাগম খুবই কম।

Teachingbd24.com

দোকানে ক্রেতাদের আগমন বৃদ্ধির জন্য তিনি দোকনের পরিচিতি, পণ্য ও সেবার মান, পণ্যের মূল্য ও বিভিন্ন পণ্যেরে মান লিখে একটি মুদ্রিত কাগজ পত্রিকার হকারের মাধ্যমে এলাকার বিভিন্ন বাসায় পৌঁছে দিলেন। কিছু দিন পর দেখা গেল দোকানে ক্রেতা সমাগম ও পণ্য বিক্রির পরিমাণ বৃদ্ধি পাচ্ছে।

ক. বিপণন কী? ১

খ. পর্যায়িতকরণ বলতে কী বোঝায়? ২

গ. 'সোনালী স্টোর' এর মালিক বিজ্ঞাপনের কোন মাধ্যম ব্যবহার করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব গফুরের গৃহীত পদক্ষেপ বিক্রয় বৃদ্ধির অন্যতম কৌশল— মতামত দাও। ৪

১০.▶ জনাব বড়ুয়া একটি ক্ষুদ্র শিল্প স্থাপনের সিদ্ধান্ত নিলেন। তার মূলধন এর পরিমাণ প্রয়োজনের তুলনায় অনেক কম বিধায় তার সহজ শর্তে অর্থায়ন প্রয়োজন। তিনি ভেবে দেখেন তার সমস্যা সমাধানের জন্য প্রয়োজন সরকারি বেসরকারি বিভিন্ন রকম সহায়তা।

ক. কর অবকাশ কী? ১

খ. উদ্দীপনামূলক সহায়তা বলতে কী বোঝায়? ২

গ. ক্ষুদ্র শিল্প স্থাপনে জনাব বড়ুয়ার কোন ধরনের সহায়তা প্রয়োজন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব বড়ুয়া সরকারি সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠান থেকে কী কী সুবিধা পেতে পারেন বলে তুমি মনে করো? ৪

১১.▶ জনাব সাদিক দীর্ঘদিন ধরে সততার সাথে ব্যবসায় চালিয়ে আসছেন। তিনি সব সময় ক্রেতাদের মানসম্পন্ন পণ্য সরবরাহ করেন। ফলে তার ব্যবসায় দিন দিন উন্নতি হচ্ছে। অন্যদিকে তার পার্শ্ববর্তী ব্যবসায়ী জনাব রনি মুনাফাকে বড় করে দেখেন। তিনি পণ্যের মান নির্ধারণ করেন না। এমন কি তিনি অধিক মুনাফার আশায় ক্রেতাদের নকল পণ্য সরবরাহ করেন। তাই ক্রেতারা এখন তাকে এড়িয়ে চলেন। ফলে তার ব্যবসায়ের অবস্থা খুব একটা ভালো নয়।

ক. ইথস শব্দের অর্থ কী? ১

খ. মূল্যবোধ বলতে কী বোঝায়? ২

গ. জনাব সাদিকের কাজের মাধ্যমে কোন ধরনের দায়বদ্ধতা ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব রনির ব্যবসায়ের সফলতার অন্তরায় বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময়— ৪০ মিনিট পূর্ণমান— ৪০

বিষয় কোড : | ১ | ৪ | ৩ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. ব্যবসায়ের মুখ্য উদ্দেশ্য কী?**
ক উপযোগ সৃষ্টি খ ঝুঁকি সৃষ্টি
গ মূলধন গঠন ঘ মুনাফা অর্জন

**২. এটিএম কার্ডের প্রচলন হয় কোন যুগে?**
ক অতি প্রাচীন খ প্রাচীন
গ মধ্য ঘ আধুনিক

**৩. ফ্লাইওভার তৈরি কোন শিল্পের অন্তর্ভুক্ত?**
ক সেবা শিল্পের
খ উৎপাদন শিল্পের
গ নিষ্কাশন শিল্পের
ঘ নির্মাণ শিল্পের

**৪. উদ্যোক্তা কোনটি সৃষ্টি করে?**
ক ব্যবসায়ের স্থায়িত্ব
খ মুনাফা বৃদ্ধির উপায়
গ কর্মসংস্থান
ঘ শিল্পের কাঁচামাল

**৫. কর মওকুফ কোন ধরনের সুবিধা?**
ক সামাজিক খ বেসরকারি
গ সরকারি ঘ ব্যবসায়িক

**৬. ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বাধা দূরীকরণের উপায়—**
i. প্রশিক্ষণ
ii. বৃত্তিমূলক শিক্ষা
iii. তাত্ত্বিক জ্ঞান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৭. বেকার সমস্যা একটি—**
ক ব্যক্তিগত সমস্যা
খ জাতীয় সমস্যা
গ প্রাতিষ্ঠানিক সমস্যা
ঘ পারিবারিক সমস্যা

**৮. নট্রামস কোন মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত?**
ক যুব ও ক্রীড়া খ শিক্ষা
গ শিল্প ঘ পর্যটন

**৯. 'চূড়ান্ত সদ্বিশ্বাস' কথাটি কোন ব্যবসায়ের ক্ষেত্রে প্রযোজ্য?**
ক একমালিকানা খ অংশীদারি
গ যৌথমূলধনী ঘ রাষ্ট্রীয় ব্যবসায়

**১০. সমবায় সমিতি গঠন প্রক্রিয়া—**
i. উদ্যোগ গ্রহণ পর্যায়
ii. নিবন্ধন পর্যায়
iii. কার্যারম্ভ পর্যায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১১. পণ্যের নাম নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান কোনটি?**
ক বিসিক খ বেসিক
গ বিটিটিআর ঘ বিএসটিআই

**উদ্দীপকটি পড়ো এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও।**

লিলি তার আঁকা ছবির জন্য সরকারের কাছ থেকে আইনগত স্বত্বের অধিকারী হন। ফলে তার ছবি অনুলিপি অন্য কেউ করতে পারবে না।

**১২. লিলির চুক্তিটি কোন ধরনের?**
ক পেটেন্ট খ ট্রেডমার্ক
গ কপিরাইট ঘ অংশীদারি

**১৩. উক্ত চুক্তির ফলে লিলির—**
i. সাফল্য আনয়নে সহায়তা করবে
ii. সৃষ্ট মেধা সম্পদের একচ্ছত্র অধিকারী হবেন
iii. অন্যের দ্বারা ক্ষতিগ্রস্ত হলে প্রতিকার পাবেন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৪. ভবিষ্যৎ কার্যক্রমের প্রতিচ্ছবি কোনটি?**
ক পরিকল্পনা খ নিয়ন্ত্রণ
গ কর্মসংস্থান ঘ সমন্বয়

**১৫. ব্যবসায় শুরুর পূর্বে কোনটি যাচাই করা প্রয়োজন?**
ক মূলধন খ ব্যবসায় সক্ষমতা
গ মুনাফা ঘ নগদান প্রবাহ

Teachingbd24.com

**১৬. সম আয়-ব্যয় বিন্দু বের করার সূত্র কী?**

ⓚ $\frac{FC - SP}{UVC}$ ⓛ $\frac{FC - UVC}{SP}$

ⓜ $\frac{FC}{SP - UVC}$ ⓝ $\frac{UVC}{SP - FC}$

**১৭. বিখ্যাত 'জামদানি শাড়ি' বাংলাদেশের কোন অঞ্চলের পণ্য?**

ⓚ রাজশাহী ⓛ খুলনা

ⓜ বরিশাল ⓝ ঢাকা

**উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও।**

মি. বারী ৫০ লক্ষ টাকা মূলধন নিয়ে তার আশেপাশের ২৫ জন লোক নিয়ে একটি পাটের ব্যাগ তৈরির কারখানা স্থাপন করেন।

**১৮. মি. বারীর ব্যবসায় প্রতিষ্ঠানটি কোন ধরনের শিল্প?**

ⓚ কুটির শিল্প ⓛ ক্ষুদ্র শিল্প

ⓜ মাঝারি শিল্প ⓝ বৃহৎ শিল্প

**১৯. মি. বারীর ব্যবসায়টি কীভাবে দেশের জন্য অবদান রাখতে পারবে?**

i. অধিক কর্মসংস্থান সৃষ্টি করে

ii. দেশের ঐতিহ্য রক্ষা করে

iii. বেশি মুনাফা করে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ i ও iii

ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

**২০. উৎপাদনমুখী শিল্প ও সেবা শিল্পকে কিসের মাপকাঠিতে চারভাগে ভাগ করা যায়?**

ⓚ বিনিয়োগের ⓛ ঝুঁকির

ⓜ আদর্শ বিচ্যুতির ⓝ অর্থের

**২১. আধুনিক ব্যবস্থাপনার জনক কে?**

ⓚ আইএম পান্ডে ⓛ স্যামুয়েল মোর্স

ⓜ রবার্ট জনসন ⓝ হেনরি ফেওল

**২২. ব্যবস্থাপনার প্রথম কাজ কোনটি?**

ⓚ নির্দেশনা দান ⓛ সংগঠিতকরণ

ⓜ কর্মীসংস্থান ⓝ পরিকল্পনা

**২৩. পণ্যের মালিকানা কীভাবে হস্তান্তর হয়?**

ⓚ ভোগের মাধ্যমে ⓛ উৎপাদনের মাধ্যমে

ⓜ বিক্রয়ের মাধ্যমে ⓝ শিল্পের মাধ্যমে

**২৪. স্থায়ী গ্রাহক সৃষ্টিতে কোন গুণটি প্রয়োজন?**

ⓚ সুদর্শন ⓛ লৌকিকতা

ⓜ বিক্রয়ীকতা ⓝ প্রদর্শন

**২৫. বিডিবিএল কখন থেকে নতুন করে কার্যক্রম শুরু করে?**

ⓚ ৩ জানুয়ারি ২০০৯

ⓛ ৩ জানুয়ারি ২০১০

ⓜ ৩ জানুয়ারি ২০১১

ⓝ ৩ জানুয়ারি ২০১২

**২৬. 'বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা' কুটির শিল্প স্থাপনে—**

i. পরামর্শ দেয়

ii. মূলধন সরবরাহ করে

iii. পৃষ্ঠপোষকতা করে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ ii ও iii

ⓜ i ও iii ⓝ i, ii ও iii

**২৭. অসত্য থেকে সত্যের শিক্ষা প্রদান করে কোনটি?**

ⓚ নৈতিকতা ⓛ মূল্যবোধ

ⓜ সততা ⓝ দেশাত্মবোধ

**২৮. পরিবেশ দূষণের জন্য দায়ী—**

i. যত্রতত্র ময়লা আবর্জনা ফেলা

ii. ত্রুটিপূর্ণ পয়ঃনিষ্কাশন ব্যবস্থা

iii. জনসাধারণের সচেতনতা

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ ii ও iii

ⓜ i ও iii ⓝ i, ii ও iii

**২৯. রত্নগর্ভা মা অ্যাওয়ার্ড প্রদান করে কোন প্রতিষ্ঠান?**

ⓚ নাভানা লিমিটেড ⓛ স্কয়ার গ্রুপ

ⓜ চ্যানেল আই ⓝ আজাদ প্রোডাক্টস

**৩০. 'চরম হতাশা ও দুর্ভোগের পরেও ভাগ্য উন্নয়ন সম্ভব'- এর প্রমাণ কে?**

ⓚ জহুরুল ইসলাম ⓛ লুৎফা সানজিদা

ⓜ শাহিদা বেগম ⓝ নায়েব আলী

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | ঘ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | খ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | ক | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | খ |

https://teachingbd24.com